তারিখ ... 25 APR 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

০৪

23

দৈনিক ইত্তেফাক

# শীঘ্রই দেশে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হইবে

## খালেদা জিয়া

( ইত্তেফাক রিপোর্ট )

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলিয়াছেন, শীঘ্রই দেশে একটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হইবে। মেডিক্যাল শিক্ষক সমিতি ফেডারেশনের তৃতীয় জাতীয় সম্মেলনে তিনি বলেন, তাহার সরকার শহীদ প্রেসিডেন্ট জিয়ার আমলে প্রতিষ্ঠিত মেডিক্যাল কলেজগুলিকে পর্যায়ক্রমে চালুর ব্যবস্থা করিবেন। বিগত সরকার এইগুলি বন্ধ করিয়া দেয়।

ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউটে গতকাল (বুধবার) ফেডারেশনের সভাপতি অধ্যাপক আব্দুল বায়েছ ভুঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, বিএমএর সভাপতি অধ্যাপক এম, এ মাজেদ, মিসেস সেলিনা আকতার, অধ্যাপক গোলাম রসুল, অধ্যাপক শাহজাহান নুরুস সামাদ চৌধুরী ও শিক্ষক সমিতি ফেডারে-

(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### খালেদা জিয়া

(১ম পৃঃ পর)

শনের মহাসচিব ডাঃ গাজী আবদুল হক বক্তব্য দেন।

বেগম জিয়া বলেন, গত নয় বছরে স্বৈর সরকার দেশের স্বাস্থ্য-ব্যবস্থাসহ সকল প্রতিষ্ঠান ধ্বংস করিয়া দিয়াছে। সীমিত সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করিয়া আমাদেরকে দেশের স্বাস্থ্য ব্যবস্থা পুর্ণগঠন করিতে হইবে। স্বৈরাচারের বিরুদ্ধে সংগ্রাম শেষ হইয়াছে। এখন গণতন্ত্রের সুফল ও জনগণের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য আমাদের অগ্রযাত্রা শুরু হইয়াছে।

জনগণের স্বাস্থ্য, শিক্ষা, বাসস্থান, খাদ্য ও বস্ত্রের নিশ্চয়তা বিধান না করা পর্যন্ত আমাদের এই সংগ্রাম অব্যাহত থাকিবে। জনগণের এই সকল মৌলিক চাহিদা পূরণে সংগ্রামে ডাঃ মিলন সহ অনেক লোক জীবন দিয়াছেন। ডাঃ মিলনের হত্যাকারীদের শাস্তি দেওয়ার আশ্বাস দিয়া তিনি বলেন, তাহার সরকার ইতিমধ্যে এই ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। বিগত গণতান্ত্রিক আন্দোলনে স্বৈরাচারের বিরুদ্ধে চিকিৎসক সমাজের অবদানের কথা তিনি শ্রদ্ধার সহিত স্মরণ করেন। তিনি বলেন, দেশের শিক্ষা প্রতিষ্ঠানসহ সমাজের সকল স্তর হইতে সন্ত্রাস ও দুর্নীতি নির্মূল করা হইবে।

বেগম জিয়া চিকিৎসকদের বিভিন্ন সমস্যার যথাযথ বিবেচনার আশ্বাস দিয়া বলেন, তাহার সরকার স্বাস্থ্যব্যবস্থার উন্নয়নসহ চিকিৎসকদের ন্যায় সঙ্গত দাবীগুলি আন্তরিকতার সহিত বিবেচনা করিবেন। তিনি চিকিৎসকদের ডায়রিয়া উপদ্রুত এলাকায় স্বেচ্ছাসেবী দল পাঠাইতে অনুরোধ করেন।

স্বাস্থ্যমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ বলেন, চিকিৎসকদের ন্যায়সঙ্গত দাবীসমূহ বিবেচনা করা হইবে। তিনি এই ব্যাপারে স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে গঠনমূলক সুপারিশ করার আহ্বান জানান।

অধ্যাপক এমএ মাজেদ স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন ও চিকিৎসক সমাজের সমস্যা সমাধানে বর্তমান সরকার ও বিরোধী দলের রাজপথে দেওয়া অঙ্গীকারসমূহ বাস্তবায়নের দাবী জানান।